বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-২

বিআরপিডি-২ সার্কুলার লেটার নং-১৮

তারিখঃ ১৯ কার্তিক ১৪৩৩ / ০৪ নভেম্বর ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

সিটি গ্রুপভুক্ত পাঁচটি প্রতিষ্ঠানের অনুকূলে সিন্ডিকেটেড চলতি মূলধন ঋণ সুবিধা প্রদানে ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ২৭কক(৩) ধারা থেকে অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০৪ নভেম্বর ২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং-বিআরপিডি-২(আর-১)(ল'রিভিউ)৭১৭/২০২৬-৪৪৫৪ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি:- ০১ (এক)।

কাজী শৈবাল সিদ্দিকী
পরিচালক (বিআরপিডি-২) (চলতি দায়িত্বে)
ফোন: ৯৫৩০১৫৩

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা-১০০০

বাংলাদেশ। **ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-২**

প্রজ্ঞাপন

নং-বিআরপিডি-২(আর-১)(লে'রিভিউ)৭১৭/২০২৬-৪৪৫৪ তারিখঃ ১৯ কার্তিক ১৪৩৩ / ০৪ নভেম্বর ২০২৬

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন) এর ১২১ ধারায় প্রদত্ত ক্ষমতা বলে এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিটি গ্রুপভুক্ত ঋণখেলাপি পাঁচটি প্রতিষ্ঠান- সিটি সিড ক্রাশিং ইন্ডস্ট্রিজ লিঃ, সিটি সুগার ইন্ডাস্ট্রিজ লিঃ, সিটি এডিবল অয়েল লিঃ, সিটি ডাল মিলস্ লিঃ ও শম্পা ফ্লাওয়ার মিলস্ লিঃ এর অনকূলে ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার চলতি মূলধন (ওয়ার্কিং ক্যাপিটাল) সুবিধা প্রদানের ক্ষেত্রে সিটি ব্যাংক পিএলসি-এর নেতৃত্বে গঠিতব্য সিন্ডিকেটেড অর্থায়নের জন্য ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ এর ২৭কক(৩) ধারায় বর্ণিত বিধান আগামী ৩১ ডিসেম্বর ২০২৭ পর্যন্ত কার্যকর হবে নাঃ

(ক) প্রস্তাবিত ঋণ-সুবিধার বিপরীতে সরকার ও বাংলাদেশ ব্যাংকের কোনো দায় সৃষ্টি হবে না এবং ভবিষ্যতে সিটি ব্যাংক পিএলসি বা সিন্ডিকেটভুক্ত অন্য কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান সরকার ও বাংলাদেশ ব্যাংকের কাছ থেকে কোনোরূপ আর্থিক সহায়তা দাবি করতে পারবে না;

(খ) প্রস্তাবিত ঋণ সুবিধার বিপরীতে যুক্তিসংগত জামানত নিশ্চিত করতে সিটি গ্রুপ তাদের অন্য কোনো ঋণ বা দায়ে আবদ্ধ নয় (un-encumbered) এমন সম্পত্তি রেজিস্টার্ড মর্টগেজ হিসেবে প্রদান করবে;

(গ) সিন্ডিকেটেড ঋণের টাকায় কেনা পণ্য বিক্রয় করে যে টাকা পাওয়া যাবে, তা একটি নির্দিষ্ট ব্যাংক হিসাবে জমা রাখতে হবে এবং সেখান থেকে আনুপাতিক হারে সিন্ডিকেটেড ঋণ সুবিধা প্রদানকারী ব্যাংকসমূহের পাওনা অগ্রাধিকারভিত্তিতে নিয়মিত পরিশোধ করতে হবে;

(ঘ) সিন্ডিকেটেড ঋণের টাকায় আমদানিকৃত কাঁচামাল ঋণগ্রহীতা প্রতিষ্ঠানসমূহ ঋণদাতা ব্যাংকসমূহের সিকিউরিটি এজেন্টের প্রতিনিধি হিসেবে ক্রয় করবে এবং জিম্মাদার হিসেবে তা প্রক্রিয়াজাত করবে।

(ড. মোঃ কবির আহাম্মদ)
ডেপুটি গভর্নর
বাংলাদেশ ব্যাংক